বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়
ঢাকা ক্যাম্পাস : পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫।
ওয়েবঃ www.bsmraau.edu.bd, ই-মেইলঃ estb@bsmraau.edu.bd

বিজ্ঞপ্তি নংঃ বিএসএমআরএএইউ/রেজিস্ট্রার-১৫৬/২০২৪/০১ তারিখ ০২ জানুয়ারি ২০২৪

# নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ২০১৯ সনের ০৫ নং আইন দ্বারা প্রতিষ্ঠিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ এর জন্য নিম্নবর্ণিত পদসমূহে নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকগণের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

**শিক্ষকঃ**

| ক্রঃ নংঃ | পদের নাম ও গ্রেড | বেতন স্কেল (টাকা) | পদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | প্রভাষক (গ্রেড-৯) | ২২,০০০-৫৩,০৬০/- | ইঞ্জিনিয়ারিং-০২<br>গণিত-০১ | ১। শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা সংক্রান্ত বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.bsmraau.edu.bd) পাওয়া যাবে।<br><br>২। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ৩১ জানুয়ারি ২০২৪। |

**রেজিস্ট্রার**
বিএসএমআরএএইউ

**শর্তাবলী**

১। আগ্রহী প্রার্থীদের আবেদনপত্র ৩১ জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়, পুরাতন বিমানবন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫ ঠিকানায় ডাকযোগে / সরাসরি রেজিস্ট্রার অফিসে অথবা estb@bsmraau.edu.bd ই-মেইল ঠিকানায় পৌঁছাতে হবে। আবেদন ফরমসমূহ অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.bsmraau.edu.bd বা রেজিস্ট্রার অফিস হতে সংগ্রহ করা যাবে। প্রার্থীর পদের নাম খামের উপর / ই-মেইল ঠিকানায় স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে। ডাকযোগে পাঠানো আবেদনপত্রের সাথে প্রার্থীর যোগাযোগের ঠিকানাসহ ১০ টাকার ডাকটিকিট সম্বলিত ফেরত খাম সংযুক্ত করতে হবে।

২। **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়** (বিএসএমআরএএইউ) এর অনুকূলে যে কোনো তফশিলী ব্যাংক হতে ৬০০.০০ (ছয়শত) টাকা মুল্যের পে-অর্ডার / ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট / পে-অর্ডার নম্বর, ব্যাংকের নাম, শাখা, টাকার পরিমান ও তারিখ উল্লেখ করতে হবে। ই-মেইল ঠিকানায় প্রেরিত আবেদনপত্রের সাথে পে-অর্ডার / ব্যাংক ড্রাফট এর স্ক্যানকপি সংযুক্ত করতে হবে এবং পে-অর্ডার / ব্যাংক ড্রাফট এর মূলকপি আবেদনপত্রের ফটোকপি সমেত সরাসরি / ডাকযোগে প্রেরণ করতে হবে।

৩। প্রার্থীকে আবেদনপত্রের সাথে সদ্যতোলা ৫ সে. মি X ৫ সে. মি সাইজের ০৩ (তিন) কপি রঙিন সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত অনুলিপি, প্রকাশনার অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে), অভিজ্ঞতার সনদের সত্যায়িত অনুলিপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি এবং বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সনদের সত্যায়িত অনুলিপি জমাদান করতে হবে। ই-মেইল ঠিকানায় প্রেরিত আবেদনপত্রের সাথে উল্লেখিত সনদসমূহের স্ক্যানকপি সংযুক্ত করতে হবে। মৌখিক পরীক্ষার সময় সকল কাগজপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

৪। মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধার পুত্র / কন্যা কোটার প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত সনদের সত্যায়িত কপি ও অন্যান্য কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি জমাদান করতে হবে। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারী নীতিমালা অনুসরণ করা হবে।

৫। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে প্রার্থীর বয়ঃসীমা সর্বোচ্চ সীমার মধ্যে থাকতে হবে।

৬। চাকুরীরত প্রার্থীদের তাদের নিজ নিজ নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করতে হবে।

৭। অত্র বিশ্ববিদ্যালয়ের অধ্যয়নের মাধ্যম ইংরেজি বিধায় প্রার্থীগণকে ইংরেজিতে পারদর্শী হতে হবে।

৮। লিখিত / মৌখিক পরীক্ষার তারিখ অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.bsmraau.edu.bd এর মাধ্যমে জানানো হবে।

৯। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রের উপর কোনো ধরণের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য হবে। আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়
ঢাকা ক্যাম্পাস : পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫।
ওয়েবঃ www.bsmraau.edu.bd, ই-মেইলঃ estb@bsmraau.edu.bd

বিজ্ঞপ্তি নংঃ বিএসএমআরএএইউ/রেজিস্ট্রার-১৫৬/২০২৪/02 তারিখঃ ০2 জানুয়ারি ২০২৪

**শিক্ষক নিয়োগের জন্য প্রয়োজনীয় যোগ্যতাঃ**

| ক্র. নং. | পদের নাম, বেতন-স্কেল ও গ্রেড | বয়সসীমা | যোগ্যতা |
|---|---|---|---|
| ১. | প্রভাষক (ইঞ্জিনিয়ারিং) (২২,০০০-৫৩,০৬০) (গ্রেড-৯) | শিথিলযোগ্য | ১। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে অ্যারোস্পেস/মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে ৪ বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।<br>২। স্নাতক পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে। |
| ২. | প্রভাষক (গণিত) (২২,০০০-৫৩,০৬০) (গ্রেড-৯) | শিথিলযোগ্য | ১। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে গণিত বিভাগে ৪ বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।<br>২। স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে। |

* জাতীয় বেতন-স্কেল ২০১৫ অনুযায়ী বেতন-স্কেল উল্লেখ করা হইয়াছে। সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত জাতীয় বেতন-স্কেল বিশ্ববিদ্যালয়ের জন্যও সমভাবে প্রযোজ্য হইবে।

**নোট:**

১. আবেদনকালে প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট বিষয়ে ডিগ্রিপ্রাপ্ত হইতে হইবে। অর্থাৎ পরীক্ষার ফল প্রকাশ অপেক্ষমান থাকাকালীন সময়ে আবেদন গ্রহণযোগ্য হইবে না;

২. প্রভাষক নিয়োগের ক্ষেত্রে এমফিল বা পিএইচডি ডিগ্রি অতিরিক্ত যোগ্যতা বলিয়া বিবেচিত হইবে। তবে এমফিল বা পিএইচডি ডিগ্রির জন্য উপরে উল্লিখিত যোগ্যতার কোন শর্ত কোনভাবেই শিথিলযোগ্য হইবে না;

৩. প্রভাষক নিয়োগের জন্য লিখিত পরীক্ষার মাধ্যমে একটি শর্টলিস্ট তৈরি করিয়া সাক্ষাৎকারের মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হইবে;

৪. কর্মরত যোগ্য প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অনুমতি গ্রহণ করতঃ আবেদন করিতে পারিবেন;

৫. সকল প্রকার নিয়োগের ক্ষেত্রে সরকারী বিধি-বিধান ও ইউজিসি কর্তৃক জারিকৃত নির্দেশনা অনুসরণ করা হইবে।

রেজিস্ট্রার
বিএসএমআরএএইউ

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়

ঢাকা ক্যাম্পাস : পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫।

ওয়েবঃ www.bsmraau.edu.bd, ই-মেইলঃ estb@bsmraau.edu.bd

বিজ্ঞপ্তি নংঃ বিএসএমআরএএইউ/রেজিস্ট্রার-১৫৬/২০২৪/০১

তারিখ ০৬ জানুয়ারি ২০২৪

# নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ২০১৯ সনের ০৫ নং আইন দ্বারা প্রতিষ্ঠিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ এর জন্য নিম্নবর্ণিত পদসমূহে নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকগণের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

**শিক্ষকঃ**

| ক্রঃ নংঃ | পদের নাম ও গ্রেড | বেতন স্কেল (টাকা) | পদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | প্রভাষক (গ্রেড-৯) | ২২,০০০-৫৩,০৬০/- | ইঞ্জিনিয়ারিং-০২<br>গণিত-০১ | ১। শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা সংক্রান্ত বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.bsmraau.edu.bd) পাওয়া যাবে।<br>২। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ৩১ জানুয়ারি ২০২৪। |

রেজিস্ট্রার
বিএসএমআরএএইউ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়
ঢাকা ক্যাম্পাস ঃ পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫।
ওয়েব: www.bsmraau.edu.bd , ই-মেইল: estb@bsmraau.edu.bd

০১ কপি ছবি আঠা দিয়ে লাগাতে হবে

# চাকুরির আবেদন ফরম

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম: | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর: | | | | | তারিখ: | | |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: | | | | | | |
| | | ENGLISH (CAPITAL): | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয় পত্র নম্বর: | | | | | | | |
| ৫. | জন্ম তারিখ: | | | | | ৬. জন্মস্থান (জেলা): | | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখে (৩১ জানুয়ারি ২০২৪) প্রার্থীর বয়স: | | | | | বছর | মাস | দিন |
| ৮. | মাতার নাম: | | | | | | | |
| ৯. | পিতার নাম: | | | | | | | |
| ১০. | ঠিকানা: | বর্তমান | | | | স্থায়ী | | |
| | বাসা (নাম ও নম্বর): | | | | | | | |
| | সড়ক (নাম ও নম্বর): | | | | | | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | | | | | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | | | | | | |
| | ডাকঘর: | | | | | | | |
| | পোষ্ট কোড নম্বর: | | | | | | | |
| | উপজেলা/থানা: | | | | | | | |
| | জেলা: | | | | | | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল নম্বর: | | | | | | |
| | | ই-মেইল: | | | | | | |
| ১২. | জাতীয়তা: | | | ধর্ম: | | লিঙ্গ: | | |
| ১৩. | শিক্ষাগত যোগ্যতা: | | | | | | | |

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাশের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণী |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

১৪. অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) [প্রয়োজনে অতিরিক্ত পাতা সংযুক্ত করুন]:

১৫. অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে):

| ক্রমিক | প্রতিষ্ঠান ও পদের নাম | প্রাপ্ত মূল বেতন (প্রযোজ্য ক্ষেত্রে জাতীয় বেতন স্কেলে বেতনের গ্রেড) | চাকুরীর মেয়াদকাল | | |
|---|---|---|---|---|---|
| | | | হইতে | পর্যন্ত | মোট |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

১৬. প্রশিক্ষণ (যদি থাকে) [প্রয়োজনে অতিরিক্ত পাতা সংযুক্ত করুন]

১৭. গবেষণা ও প্রকাশনা: [প্রয়োজনে অতিরিক্ত পাতা সংযুক্ত করুন]

| ক্রমিক | জার্নালের নাম | গবেষণা ও প্রকাশনার শিরোনাম | একক/যৌথ | জাতীয়/আন্তর্জাতিক জার্নাল (ISSN/ISBN নং) | প্রকাশনার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

১৮. কোটা (টিক দিন) মুক্তিযোদ্ধা ☐ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কণ্যা ☐

অন্যান্য (উল্লেখ করুন)

১৯. ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার নম্বর: তারিখ:

ইস্যুকারী ব্যাংক ও শাখার নাম:

২০. বিভাগীয় প্রার্থী কিনা? (টিক দিন): হাঁ ☐ না ☐ প্রযোজ্য নয় ☐

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলী সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লেখিত তথ্য প্রমানের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ:

প্রার্থীর স্বাক্ষর: